

চট্টগ্রামে ১১ দিনব্যাপী একুশে বইমেলা শুরু

লালদীঘির বইমেলা জমেনি

চট্টগ্রাম বইমেলা

১১ দিন পরিবেশে গেলো এ এখনও জমে উঠেনি নগরীর লালদীঘি মাঠের বইমেলা। অন্যদিকে একুশ মেলা পরিষদের উদ্যোগে নগরীর ডিসি হিল পার্কে তরুবার থেকে শুরু হয়েছে ১১ দিনব্যাপী আরেকটি বইমেলা। লালদীঘি মাঠে চট্টগ্রাম সিটি করপোরেশন আয়োজিত ১০ দিনব্যাপী বইমেলা শুরু হয় গত রোববার থেকে। এ বইমেলা শেষ হতে আর বাকি চারদিন। কিন্তু বইমেলা এখনো জমে ওঠেনি। বেচাবিক্রি দারুণ মন্দ। বিক্রেতারা হতাশ। বইমেলায় ২৫টির মতো স্টল থাকলেও অধিকাংশ স্টলই খালি। ১০টি স্টলে বই সাজিয়ে বসেছে চট্টগ্রামের কয়েকটি প্রকাশনী। বইমেলা মাঠের একপ্রান্তে প্রতিদিন সন্ধ্যায় অনুষ্ঠিত হয় একুশের অনুষ্ঠানমালা। সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রচুর দর্শক সমাগম হলেও বইমেলা তেমন জমে না। তবে সন্ধ্যায় পর বইমেলা কিছুটা জমে ওঠে। এছাড়া সারাদিন বইমেলা থাকে প্রাণহীন। বিক্রেতারা জানান, দিনে পোড়জন যাত্রা আসেন তাদের বেশিরভাগই মূলত দর্শক, ক্রেতা নয়। ফলে মেলায় বই বিক্রির পরিমাণও হতাশাজনক। এদিকে তরুবার বিকাল ওটার ডিসি হিল পার্কে

একুশ মেলা পরিষদ আয়োজিত ১১ দিনব্যাপী বইমেলায় উদ্বোধন করেন তৌত বিজ্ঞানী প্রফেসর ড. জামাল নূরুল ইসলাম। প্রফেসর ড. অনুশম সেনের সভাপতিত্বে অনুষ্ঠানে মেলায় মোহনাপত্র পাঠ করেন মেলা পরিষদের মহাসচিব নাসিরুদ্দিন চৌধুরী। অলোচনায় অংশ নেন প্রবীণ বিপুলী বিনোদ বিহারী চৌধুরী। আগামী ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত মেলা চলবে। মেলায় প্রায় ২০টি স্টল রয়েছে। বইমেলা ছাড়াও ডিসি হিল পার্কের মুক্তক্ষেত্রে অনুষ্ঠিত হবে কবিতা উৎসব, ছড়া উৎসব, আবৃত্তি উৎসব, নাট্য উৎসব, পোকসংকৃতি উৎসব, চিত্রায়ত বাংলা গানসহ বিভিন্ন অনুষ্ঠান।